

জরুরী  
ফ্যাক্স মারফত

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা  
ত্রাণ কর্মসূচি-১ শাখা  
[www.modmr.gov.bd](http://www.modmr.gov.bd)

নং-৫১.০০.০০০০.৪২১.৯৬.০০১.১৫-৫১

তারিখঃ ০৮ ফেব্রুয়ারী, ২০১৬ খ্রিস্টাব্দ  
২৬ মাঘ, ১৪২২ বঙ্গাব্দ


বিষয়ঃ ২০১৫-১৬ অর্থ বছরে “অতিদরিদ্রদের জন্য কর্মসংস্থান কর্মসূচি (ইজিপিপি)” এর ১ম পর্যায়ের প্রকল্প বাস্তবায়ন সময়-সীমা বৃদ্ধি প্রসঙ্গে।

সূত্রঃ দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরের স্মারক নং-৫১.০১.০০০০.০১৯.৯৬.২৬৮.১৫-৯, তারিখঃ ০২-০২-২০১৬ খ্রিঃ

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে ২০১৫-২০১৬ অর্থ বছরে “অতিদরিদ্রদের জন্য কর্মসংস্থান” কর্মসূচি ১ম পর্যায়ের কার্যক্রম বাস্তবায়নের সময়সীমা আগামী ১৫ ফেব্রুয়ারী, ২০১৬ খ্রিঃ তারিখ পর্যন্ত নিম্নলিখিত শর্তসাপেক্ষে নির্দেশক্রমে বৃদ্ধি করা হলো।

- (ক) উক্ত সময়ের পর কোন অব্যয়িত অর্থ থাকলে তা ব্যয় করা যাবে না।
- (খ) কোন প্রকল্পের কাজ ৪০ দিনের বেশী করা যাবে না এবং ৪০ দিনের বেশী দিনের জন্য শ্রমিক মজুরী ইত্যাদি পরিশোধ করা যাবে না।
- (গ) ১৫ ফেব্রুয়ারী ২০১৬খ্রিঃ তারিখের পর উক্ত কর্মসূচি বাস্তবায়নের জন্য আর কোন ক্রমেই সময় বর্ধিত করা হবে না।

২। এতে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন রয়েছে।



(মোঃ নুরুল আমিন)

উপ-সচিব (ত্রাণ)

ফোন: ৯৫৪০১৭৯

email:sasreliefprog1@modmr.gov.bd

মহাপরিচালক

দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর

৯২-৯৩ মহাখালী বা/এ, ঢাকা।

অনুলিপিঃ

- ১। বিভাগীয় কমিশনার, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/বরিশাল/সিলেট/রংপুর বিভাগ।
- ২। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। জেলা প্রশাসক, .....(সকল)।
- ৪। সচিব মহোদয়ের একান্ত সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৫। সিস্টেম এনালিস্ট, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়। পত্রটি এ মন্ত্রণালয়ের ওয়েব সাইটে আপলোডের অনুরোধসহ।
- ৬। ভারপ্রাপ্ত কর্মকর্তা, এনডিআরসিসি, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়। পত্রটি মহাপরিচালক/বিভাগীয় কমিশনার/জেলা প্রশাসক বরাবর ই-মেইল ও ফ্যাক্স মারফত প্রেরণ নিশ্চিত করার জন্য অনুরোধ করা হলো।
- ৭। অতিরিক্ত সচিব (ত্রাণ) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়।